



ISO 9001, ISO 14001 &  
ISO 45001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

জনসংযোগ পরিদপ্তর  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
প্রশিক্ষণ একাডেমি ভবন (৩য় তলা)  
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯  
ফোনঃ ০২-৮৯০০৩১৭  
ই-মেইলঃ prdreb@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০২১.১২১.২২০.২০. ৫৫৬

তারিখঃ ০৪ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ।  
১৯ আগস্ট, ২০২০ খ্রিস্টাব্দ।

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার

ঢাকা পবিস-২/৩/৪/মানিকগঞ্জ পবিস/নরসিংদী পবিস-২/সাতক্ষীরা পবিস/ঝিনাইদহ পবিস/ফরিদপুর পবিস/রাজবাড়ী  
পবিস/মাদারীপুর পবিস/নাটোর পবিস-১/নওগাঁ পবিস-১/২/রংপুর পবিস-১/নীলফামারী পবিস/পটুয়াখালী  
পবিস/নোয়াখালী পবিস/সিলেট পবিস-১/মৌলভীবাজার পবিস/হবিগঞ্জ পবিস/বাহাঙ্গণবাড়িয়া পবিস/কুমিল্লা পবিস-১/  
চাঁদপুর পবিস-১/২।

**বিষয়: ৩১টি উপজেলা শতভাগ বিদ্যুতায়ন শুভ উদ্বোধন অনুষ্ঠান সাফল্য মন্ডিত করণ প্রসঙ্গে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে আগামী ২৭ আগস্ট, ২০২০ খ্রিঃ তারিখ ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে ৩১টি উপজেলার শতভাগ বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করবেন। মাঠ পর্যায়ে এ উদ্বোধনী অনুষ্ঠান সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর শোকের মাস-কে সামনে রেখে শতভাগ উপজেলা শুভ উদ্বোধন অনুষ্ঠান সাফল্যমন্ডিতকরণের নিমিত্ত আপনাদের অভিজ্ঞতার সাথে নিম্নবর্ণিত নির্দেশনা/পরামর্শ প্রতিপালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো:

### (১) করণীয়


- ০১। জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয় এর সাথে সার্বিক বিষয়ে আলোচনাক্রমে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে উদ্বোধনী অনুষ্ঠান সাফল্যমন্ডিত করার প্রস্তুতি নেয়া;
- ০২। জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে আলোচনাক্রমে দাওয়াত কার্ড বিতরণ। উল্লেখ্য, প্রতিটি জেলার ক্ষেত্রে সর্বোচ্চ ৫০টি দাওয়াত কার্ডের ব্যবস্থা আছে;
- ০৩। উদ্বোধনতব্য উপজেলাসমূহের ভৌগলিক এলাকায় বিদ্যুতায়িত অপরাপর বিদ্যুৎ বিতরণ সংস্থার সাথে যোগাযোগ/মতবিনিময় ও প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া;
- ০৪। নমুনা মোতাবেক স্টোন তৈরি করা (নমুনা সংযুক্ত);
- ০৫। নমুনা মোতাবেক ব্যানার তৈরি করা (নমুনা সংযুক্ত);
- ০৬। জেলা প্রশাসক মহোদয়ের সাথে আলোচনাক্রমে নমুনা মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক X-ব্যানার তৈরি করা (সংযুক্তি-০৯টি);
- ০৭। মাননীয় প্রধানমন্ত্রীর সাথে উদ্বোধনী অনুষ্ঠানে ভিডিও কানেক্টিংএ কথা বলার মত বিদ্যুৎ সুবিধাভোগী বয়োবৃদ্ধ মহিলা/পুরুষ, ছাত্র/ছাত্রী, পেশাজীবী বা বাস্তবতা বিবেচনায় উপযুক্ত ব্যক্তিকে ব্রিফিং দিয়ে প্রস্তুত করতঃ উপস্থিতি নিশ্চিত করা;
- ০৮। জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে (ভিডিও কনফারেন্সের সংশ্লিষ্ট) উদ্বোধন অনুষ্ঠান চলাকালীন সময়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সুনিশ্চিত করা;
- ০৯। জেলা প্রশাসককে সার্বিক বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা বিদ্যুতায়নে ও শতভাগ উপজেলা বিদ্যুতায়নের সুফল এর বিষয়ে লিখিত তথ্যসহ ব্রিফ প্রদান;
- ১০। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদিতে সাহায্য করা।

**(২) প্রচারণা সংক্রান্ত**

- ০১। 'মুজিববর্ষেই' গ্রীডভুক্ত ৪৬১টি উপজেলা শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন বিষয়ে প্রচারণা;
- ০২। উদ্বোধন স্থল অর্থাৎ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সম্মেলন কক্ষের ভিতরে ও বাহিরে সুসজ্জিত করা;
- ০৩। "শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ" বিষয়টিকে প্রাধান্য দিয়ে প্রচারণা চালানো;
- ০৪। গ্রাহক সেবায় পল্লী বিদ্যুতের উঠান বৈঠক, আলোর ফেরিওয়ালা ও দুর্যোগে আলোর গেরিলা-কে বিশেষ গুরুত্ব দিয়ে প্রচারণা চালানো;
- ০৫। প্রেরিত নমুনা মোতাবেক ব্যানার প্রস্তুতকরতঃ উপজেলা, হাট-বাজার ও দৃশ্যমান স্থানে টানানো;
- ০৬। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ২৭-০৮-২০২০ খ্রিঃ তারিখে উপজেলা শতভাগ বিদ্যুতায়ন-এর শুদ্ধোধন করবেন মর্মে মাইকিং করা;
- ০৭। পবিস স্কুলবারের মাধ্যমে উপজেলা শতভাগ বিদ্যুতায়ন এর প্রচারণা চালানো;
- ০৮। পবিস এর ওয়েবসাইট, ফেসবুকসহ সকল ধরনের সোশাল মিডিয়ায় প্রচারণা চালানো;
- ০৯। স্থানীয় ক্যাবল অপারেটর চ্যানেলের মাধ্যমে প্রচারণা চালানো;

এতদবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল;

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে;

  
(মোঃ আনোয়ার হোসেন)  
পরিচালক  
জনসংযোগ পরিদপ্তর  
মোবাঃ ০১৭১২-৫৮১৯৮৬

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):**

- ০১। নির্বাহী পরিচালক/প্রধান প্রকৌশলী (প্রকল্প/পওপ)/নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো।
- ০২। সকল দপ্তর/পরিদপ্তর/অফিস/বিভাগ প্রধান, বাপবিবো, ঢাকা।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, অবশিষ্ট সকল পবিস।
- ০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ০৫। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/বিতরণ ও পরিচালন/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।